গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা

সূত্রঃ ২৪.০৯.০০০০.০০১.১৬.২২৩.১৫ - ৬৪ তারিখ: ৩০ জানুয়ারি ২০২৫

## অফিস আদেশ

২০২৪-২৫ অর্থবছরে জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) এর 'জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা' (NIS) বাস্তবায়নের নিমিত্ব নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে জেডিপিসি'র কাঁচামাল ব্যাংক সংক্রান্ত নীতিমালা তৈরীর জন্য কমিটি গঠন করা হলো। উক্ত কমিটি 'জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা (NIS) এর ৩.৪ কার্যক্রম বিষয়ে যাবতীয় দায়িত্ব পালন করবে।

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | জনাব সীমা বোস অধরা, পরিচালক (এমআরপি), জেডিপিসি। | সভাপতি |
| ০২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম, প্রযুক্তি গবেষণা ও প্রশিক্ষণ নির্বাহী, জেডিপিসি। | সদস্য |
| ০৩ | জনাব মোঃ আব্দুস ছালাম, পার্সোনাল অফিসার, জেডিপিসি। | সদস্য |
| ০৪ | সৈয়দ জাকারিয়া, পার্সোনাল অফিসার, জেডিপিসি। | সদস্য |
| ০৫ | জনাব মোঃ আবদুল হান্নান মিয়াজী, পার্সোনাল অফিসার, জেডিপিসি। | সদস্য |
| ০৬ | জনাব ইসতিয়াক আহমেদ, সেন্টার ইন-চার্জ, জেইএসসি, ঢাকা। | সদস্য |
| ০৭ | জনাব মোঃ মোজাহিদুল ইসলাম, মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ, জেডিপিসি। | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধিঃ
(১)। কমিটি প্রয়োজন বোধে সদস্য কো-অপট করতে পারবে।
(২)। নির্ধারিত সময়ের মধ্যে (৩০ মার্চ ২০২৫) কাঁচামাল ব্যাংক সংক্রান্ত নীতিমালা প্রস্তুত করতে হবে।
(৩)। এ আদেশ পরবর্তী নিদের্শনা না দেওয়া পর্যন্ত বলবদ থাকবে এবং অবিলম্বে কার্যকর হবে।

(জিনাত আরা )
অতিরিক্ত সচিব
ও
নির্বাহী পরিচালক

বিতরণ:
১। জনাব সীমা বোস অধরা, পরিচালক (এমআরপি), জেডিপিসি।
২। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, প্রযুক্তি গবেষণা ও প্রশিক্ষণ নির্বাহী, জেডিপিসি, ঢাকা।
৩। জনাব মোজাহিদুল ইসলাম, মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ, জেডিপিসি।
৪। জনাব মোঃ আব্দুস ছালাম, পার্সোনাল অফিসার, জেডিপিসি।
৫। সৈয়দ জাকারিয়া, পার্সোনাল অফিসার, জেডিপিসি।
৬। জনাব মোঃ আবদুল হান্নান মিয়াজী, পার্সোনাল অফিসার, জেডিপিসি, ঢাকা।
৭। জনাব ইসতিয়াক আহমেদ, সেন্টার ইন-চার্জ, জেইএসসি, ঢাকা।

সদয় অবগতির জন্য:
১। প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), জেডিপিসি।
২। নির্বাহী পরিচালক মহোদয়ের পার্সোনাল অফিসার, জেডিপিসি।
৩। অফিস নথি।

# জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)'র কাঁচামাল ব্যাংক (RMB) ব্যবস্থাপনা নীতিমালা।

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও
ঢাকা-১২১৫।

তারিখ: ১৩ মার্চ ২০২৫

ভূমিকাঃ

বিশ্বের দ্বিতীয় বৃহত্তম পাট উৎপাদনকারী এবং বৃহত্তম পাট ও পাটপণ্য রপ্তানীকারক দেশ বাংলাদেশ। সত্তর দশকের মাঝামাঝি সময় থেকে বিশ্ব বাজারে বাংলাদেশের পাট, প্রচলিত পাটপণ্য ও পাট শিল্প চ্যালেঞ্জের সম্মুখীন হয়; জাতীয় ও আন্তর্জাতিক প্রতিকূলতা এবং স্বল্প মূল্যের সিনথেটিক দ্রব্যের ব্যাপক আবির্ভাবসহ নানান কারণে প্রাকৃতিক তন্তু পাট তার শ্রেষ্ঠত্বের গৌরবোজ্জ্বল অধ্যায় হারাতে বসে। সেই সময়ের প্রেক্ষাপটে ২০০২ সনের মার্চ মাসে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীনে ইউরোপীয়ান কমিশনের অর্থায়নে প্রচলিত পাটপণ্য সামগ্রীর পাশাপাশি বেসরকারী উদ্যোক্তাদের উচ্চমূল্য সংযোজিত উন্নতমানের বহুমুখী পাটপণ্য সামগ্রী উৎপাদনে সহায়তা করার লক্ষ্যে জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) স্থাপিত হয়।

জেডিপিসি'র নিবন্ধিত উদ্যোক্তারা শ্রমনিবিড়,স্বল্প পুঁজি নির্ভর ও উৎপাদন সময়কাল স্বল্প হওয়ায় জাতীয় আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টিতে অবদান রাখতে সক্ষম। অন্যান্য উন্নয়নশীল দেশের মত বাংলাদেশেও ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা খাতের বিকাশ ও উন্নয়নের অপার সম্ভাবনা রয়েছে। তাছাড়াও বাংলাদেশকে শিল্পভিত্তিক অর্থনীতির দেশে পরিনত করার ক্ষেত্রে জেডিপিসি কর্তৃক আয়োজিত কাঁচামাল ব্যাংকের ভুমিকা অপরিসীম।

জেডিপিসি'র কার্যক্রমগুলোর মধ্যে অন্যতম হচ্ছে উদ্যোক্তাদের প্রয়োজনীয় কাঁচামাল সহায়তা প্রদান করা। এ কাঁচামাল সরবরাহের মাধ্যমে উদ্যোক্তাগণ সহজে ও সুলভমূল্যে কাঁচামাল ক্রয় করতে পারে। উদ্যোক্তাগণ প্রয়োজন অনুসারে সময়মত ন্যায্যমূল্যে কাঁচামাল পায় না বিধায় তাদের উৎপাদন বাধাগ্রস্থ হয়। তাদেরকে বিভিন্ন মিল থেকে কাঁচামাল সংগ্রহ করে বহুমুখী পাটপণ্য উৎপাদন করতে হয়। ফলে ক্রেতার চাহিদা অনুযায়ী নিদিষ্ট সময়ে বহুমুখী পাটপণ্য সরবরাহ করতে যেমন সমস্যা হচ্ছে তেমুনি উৎপাদন খরচও অনেক বেশী পড়ে । তাই উদ্যোক্তাদের বহুমুখী পাটপণ্য তৈরীতে কাঁচামাল উৎপাদন ও প্রাপ্তীতে সহায়তা প্রদান একটি প্রয়োজনী গুরুত্বপূর্ন কার্যক্রম। সে লক্ষ্যে জেডিপিসি'র একটি কাঁচামাল ব্যংক নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন।

**কাঁচামাল ব্যংকের পরিচিতি:**

বহুমুখী পাটপণ্য তৈরির প্রদান উপাদান হলো মানসম্পন্ন কাঁচামাল। কাঁচামাল যত ভালো হবে মানসম্পন্ন পণ্য তত বেশি উৎপাদন হবে। উদ্যোক্তাগণ প্রয়োজন অনুসারে সময়মত ন্যায্যমূল্যে কাঁচামাল পায় না বিধায় তাদের উৎপাদন বাধাগ্রস্থ হয়। তাদেরকে বিভিন্ন মিল থেকে কাঁচামাল সংগ্রহ করে বহুমুখী পাটপণ্য উৎপাদন করতে হয়। ফলে ক্রেতার চাহিদা অনুযায়ী নিদিষ্ট সময়ে বহুমুখী পাটপণ্য সরবরাহ করতে যেমন সমস্যা হচ্ছে তেমুনি উৎপাদন খরচও অনেক বেশী পড়ে যাচ্ছে। এই সমস্ত বিবেচনা করে ০৬ টি জেইএসসি কেন্দ্রে একটি কাঁচামাল ব্যাংক স্থাপন করা হয়। এসব কাঁচামাল ব্যাংক থেকে উদ্যোক্তাগণ সহজে ও সুলভমূল্যে কাঁচামাল ক্রয় করতে পারে। সনাতন পাটপণ্যের পাশাপাশি পাটের তৈরি বহুমুখী পাটপণ্য সামগ্রী উৎপাদনে উল্লেখযোগ্য সামর্থ্য ও দক্ষতা বৃদ্ধি, নতুন নতুন ডিজাইন অন্বেষণ, পাটপণ্যের গুনগত মান উন্নয়ন, নতুন প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে সারা বাংলাদেশ ও বর্হিঃবিশ্বে বহুমুখী পাটপণ্যের বাজার সম্প্রসারণ, পাট শিল্পের পুনরুজ্জীবন এবং এর সাথে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সম্পৃক্ত সকলের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সাধন। এছাড়া গুনগত ও মানসম্পন্ন কাঁচামাল উৎপাদনে সহায়তার মাধ্যমে এসএমই (SME) খাতে সবার জন্য কাঁচামাল প্রাপ্তির সুযোগ তৈরির লক্ষ্যে Need base কাঁচামাল ব্যাংকের বিকল্প নেই।

**উদ্দেশ্যঃ**

* বহুমুখী পাটপণ্য তৈরির কাঁচামালের সরবরাহ নিশ্চিতকরণ;
* গুনগত ও মানসম্পন্ন কাঁচামাল উৎপাদনে সহায়তা;
* যুগপোযোগি ও বাজারের চাহিদা অনুযায়ী বহুমুখী পাটপণ্যের সরবরাহ বৃদ্ধিকরণ;
* বাজার সম্প্রসাণের মাধ্যমে দক্ষজনবল সৃষ্টি করে আত্ম কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ;
* দেশে বিদেশে বহুমুখী পাটপণ্যের ব্যবহার বৃদ্ধি;
* বৈদেশিক মুদ্রা অর্জন;

**কাঁচামাল ব্যাংক (RMB) প্রাপ্তি স্থান:**

(১) জুট এন্ট্রিপ্রিনিয়র সার্ভিস সেন্টার, ঢাকা, ১৪৫ মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।

(২) জুট এন্ট্রিপ্রিনিয়র সার্ভিস সেন্টার, চট্রগ্রাম, ৯৯, সাত্তার চেম্বার, আগ্রবাদ, চট্রগ্রাম।

(৩) জুট এন্ট্রিপ্রিনিয়র সার্ভিস সেন্টার, রংপুর, তাঁত প্রশিক্ষণ কেন্দ্র (২য় তলা), জি.এল.রায় রোড, খাসবাগ, সাতামাথা, সদর, রংপুর।

(৪) জুট এন্ট্রিপ্রিনিয়র সার্ভিস সেন্টার, যশোর, সাত্তার চেম্বার, আগ্রাবাদ, চট্রগ্রাম।

(৫) জুট এন্ট্রিপ্রিনিয়র সার্ভিস সেন্টার, টাঙ্গাইল, রোড নং-০১, বাড়ী নং০২, আকুর-টাকুর পাড়া, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল

(৬) জুট এন্ট্রিপ্রিনিয়র সার্ভিস সেন্টার, জামালপুর, হারুনর রশিদ রোড, জামালপুর সদর, জামালপুর।

**কাঁচামাল ব্যাংক খোলা ও বন্ধের সময় কালঃ**

সকাল ০৯:০০ ঘটিকা থেকে বিকাল ০৫: ঘটিকা পর্যন্ত।

সপ্তাহে ০৫ দিন (শুক্রবার ও শনিবার ব্যতীত)।

**অনুসরণীয় নীতিমালাঃ**

০১। কাঁচামাল ব্যাংক থেকে বিভিন্ন ধরনের বহুমুখী পাটপণ্য তৈরির ফেব্রিক্স, সূতা ও এক্সেসরিজ সংরক্ষণ ও বিক্রয় করা হবে।

০২। জেডিপিসির নিবন্ধিত উদ্যোক্তাগণই কাঁচামাল ব্যাংক থেকে ফেব্রিক্স, সূতা ও এক্সেসরিজ ক্রয় করতে পারবেন।

০৩। কেবলমাত্র উৎপাদনকারী উদ্যোক্তা ও জুট মিল থেকে ফেব্রিক্স, সূতা ক্রয় করে কাঁচামাল ব্যাংকে রাখা হবে। ট্রেডাররা এই সুযোগের আওতায় আসবেন না।

০৪। কাঁচামাল ব্যাংকের একটি ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটি থাকবে। উক্ত কমিটি ফেব্রিক্স, সূতা ও এক্সসরিজ এর মূল্য নির্ধারণ, মান নিয়ন্ত্রণ, ক্রয় এবং বিক্রয়ের আনুষাঙ্গিক কার্যক্রমসহ সকল কার্যক্রম সম্পন্ন করবে।

০৫। জেডিপিসি'র উদ্যোক্তাদের সহায়তার জন্য কাঁচামাল ব্যাংকে ফেব্রিক্স, সূতা ও এক্সেসরিজ রাখা হবে। ফেব্রিক্স, সূতা ও এক্সেসরিজ শেষ হবার পূর্বেই সেন্টার ইন চার্জ চাহিদাপত্র প্রেরণ করবেন। চাহিদাপত্র প্রেরণের পর যৌক্তিক সময়ে যথাযথ কর্তৃপক্ষ ফেব্রিক্স, সূতা ও এক্সেসরিজ ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবেন।

০৬। ফেব্রিক্স, সূতা ও এক্সেসরিজ মজুদের পর্যাপ্ততার ভিত্তিতে কাঁচামাল ব্যাংক থেকে উদ্যোক্তাদের নিকট বিক্রি করা হবে ।

০৭। জেডিপিসি'র কাঁচামাল ব্যাংকে ফেব্রিক্স ও সূতা পর্যাপ্ত পরিমান না থাকলে উদ্যোক্তাকে উৎপাদনকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগে সহায়তা করা হবে।

০৮। বিক্রিতব্য ফেব্রিক্স, সূতা ও এক্সেসরিজ ক্রয়ের সময় গুণগতমান ক্রেতাকে যাচাই, বাছাই করে নিতে হবে। পারবর্তীতে কোন অভিযোগ গ্রহনযোগ্য হবে না।

০৯। কাঁচামাল ব্যাংকে ফেব্রিক্স, সূতা ও এক্সেসরিজ বিক্রয়ের ক্ষেত্রে ক্রয় মূল্যের সাথে ৫% সার্ভিস চার্জ যোগ করে বিক্রয় করা হবে।

১০। নতুন উদ্যোক্তাদের উৎপাদিত সূতা ও ফেব্রিক্স বাজার পরিচিতির জন্য প্রদর্শনের ব্যবস্থা থাকবে।

১১। কমিটি ০৩ (তিন) মাস অন্তর ফেব্রিক্স, সূতা ও এক্সেসরিজ এর মজুদ ষ্টক রেজিষ্টারের সাথে মিলিয়ে দেখবে।

১২। প্রতি মাসের শেষ তারিখে ফেব্রিক্স, সূতা ও এক্সেসরিজ এর বিক্রিত টাকা ব্যাংকে জমা প্রদান পূর্বক সেন্টার ইন-চার্জগণ প্রতিবেদন আকারে নির্বাহী পরিচালকের নিকট পেশ করবেন।

১৩। কাঁচামাল ব্যাংকের জন্য ক্রয়কৃত ত্রুটিপূর্ণ ফেব্রিক্স, সূতা ও এক্সেসরিজ গ্রহণ করা হবে না। গৃহীত হলে গ্রহণকারী এ বিষয়ে দায়ী থাকবেন। সেন্টার ইন-চার্জগণ এক্সেসরিজ গ্রহন করার সময় বুঝে নিবেন এবং বিক্রির পর টাকা জমা দিবেন।

১৪। বাকীতে ফেব্রিক্স, সূতা ও এক্সেসরিজ বিক্রি করা যাবে না।

১৫। বেশী পরিমাণের ফেব্রিক্স, সূতা ও এক্সেসরিজ অর্ডারের ক্ষেত্রে (নূন্যতম ৫,০০০ গজ) ৫০% অগ্রীম প্রদান করে অর্ডার নিশ্চিত করতে হবে। অবশিষ্ট টাকা কাঁচামাল সরবরাহের আগে ক্রেতাকে পরিশোধ করতে হবে।

১৬। ফেব্রিক্স ল্যামিনেইশনের ঘাটতি, খুচরা বিক্রয়ের সময় ঘাটতি ও দীর্ঘ দিন সংরক্ষণে সূতার ওজন কমে যাওয়ার ঘাটতি যৌক্তিক পরিমাণে কমিটির সাথে আলোচনা সাপেক্ষে সমন্বয় করা হবে।

[ বি.দ্র-জেডিপিসি কর্তৃক জারিকৃত সকল বিধিবিধান প্রযোজ্য হবে]

মোঃ মোজাহিদুল ইসলাম
মনিটরিং এ্যান্ড এক্সটেনশন এক্সিকিউটিভ
জেডিপিসি, বস্ত্র ও পাটমন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ জাহাঙ্গীর আলম
প্রযুক্তি গবেষণা ও প্রশিক্ষণ নির্বাহী
জেডিপিসি, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ আঃ ছালাম
প্রশাসনিক কর্মকর্তা (অতিঃ দাঃ)
জেডিপিসি, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সৈয়দ জাকারিয়া
পার্সোনাল অফিসার
জেডিপিসি, বস্ত্র ও পাটমন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আবদুল ... গাজী
পার্সোনাল অফিসার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়

ইসতিয়াক আহাম্মেদ
সেন্টার ইন-চার্জ
জেইএসসি, ঢাকা, জেডিপিসি
বস্ত্র ও পাট মন্ত্রণালয়

Seema Bose Adhara
Director (MRP), JDPC
Ministry of Textiles & Jute
Govt. of the People's Republic of Bangladesh